

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৭২৮

১৩. কিতাবুল হজ্ব (کتاب الحج)

পরিচ্ছেদঃ মাদীনার আলিমগণ অন্য আলিমদের অপেক্ষা উত্তম হবে মর্মে হাদীস

ذِكْرُ الْخَبَرِ الدَّالِّ عَلَى أَنَّ عُلَمَاءَ أَهْلِ الْمَدِينَةِ يَكُونُونَ أَعْلَمَ مِنْ عُلَمَاءِ غَيْرِهِمْ

আরবী

3728 ـ أَخْبَرَنَا الْحُسَيْنُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ يَزِيدَ الْقَطَّانُ قَالَ: حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ مُوسَى الْأَنْصَارِيُّ قَالَ: سَأَلْتُ سُفْيَانَ بْنَ عُيَيْنَةَ وَهُوَ جَالِسٌ مُسْتَقْبِلُ الْحَجَرَ الْأَسْوَدَ فَأَخْبَرَنِي عَنِ الْبِي مُلْزَمَةً قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صلى عَنِ ابْنِ جُرَيْجٍ عَنْ أَبِي الزُّبَيْرِ عَنْ أَبِي صَالِحٍ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم: (يُوشِكُ أَنْ يَضْرِبَ الرَّجُلُ أَكْبَادَ الْإِبِلِ فِي طَلَبِ الْعِلْمِ فَلَا يَجِدُ عَالِمًا أَعْلَمَ مِنْ عَالِم أَهْلِ الْمَدِينَةِ)

الراوي: أَبُو هُرَيْرَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3728 ا خلاصة حكم المحدث: ضعيف _ ((المشكاة)) (246). قَالَ أَبُو مُوسَى: بَلَغَنِي عَنِ ابْنِ جُرَيْجِ انْهُ كَانَ يَقُولُ: نُرَى أَنَّهُ مَالِكُ بْنُ أَنَسٍ فَذَكَرْتُ ذَلِكَ لِسُفْيَانَ بْنِ عُيَيْنَةَ فَقَالَ: إِنَّمَا الْعَالِمُ مَنْ يَخْشَى اللَّهَ وَلَا نَعْلَمُ أَحَدًا كَانَ أَخْشَى لِلَّهِ مِنَ العُمَرِيّ يُرِيدُ بِهِ: عبد الله بن عبد العزيز.

বাংলা

৩৭২৮. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "অচিরেই মানুষ ইলম অম্বেষণ করার জন্য উটের কলিজায় আঘাত করবে (অর্থাৎ অনেক দুরবর্তী স্থানে সফরে প্রয়াসী হবে) কিন্তু তারা মাদীনার আলিম অপেক্ষা বিজ্ঞ কোন আলিম পাবে না।"[1]

আবূ হাতিম ইবনু হিবান রহিমাহল্লাহ বলেন, "আবূ মুসা বলেছেন, আমার কাছে ইবনু জুরাইয থেকে খবর পৌঁছেছে যে, তিনি বলতেন, "আমরা মনে করি, তিনি হলেন ইমাম মালিক রহিমাহল্লাহ।" অতঃপর আমি বিষয়টি সুফিয়ান বিন উয়াইনাহ রহিমাহ্লাহর কাছে আলোচনা করলে তিনি বলেন, "নিশ্চয়ই আলিম তো তিনিই, যিনি



আল্লাহকে ভয় করেন। আল্লাহর কসম, আমরা এমন কাউকে জানি না, যিনি উমারী অপেক্ষা আল্লাহকে বেশি ভয় করেন।" তিনি এর দ্বারা আব্দুল্লাহ বিন আব্দুল আযীয়কে বুঝিয়েছেন।"

ফুটনোট

[1] তিরমিয়ী: ২৬৮০; মুসনাদ আহমাদ: ২/২৯৯; নাসাঈ আল কুবরার বরাতে তুহফাতুল আহওয়ায়ী: ৯/৪৪৫; হাকিম: ১/৯০-৯১; সুনান বাইহাকী আল কুবরা: ১/৩৮৬; মা'রিফাতুস সুনান ওয়াল আসার: ১/১৩।

হাদীসটির ব্যাপারে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ স্পষ্ট কোন মন্তব্য করেননি। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে যঈফ বলেছেন। (মিশকাত: ২৪৬)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন